



কথার চেয়ে কাজে গুরুত্ব দিচ্ছে সরকার: প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, সরকার শুধু আশ্বাস নয়, বাস্তব কাজের মাধ্যমে জনগণের দেওয়া প্রতিশ্রুতি পূরণে কাজ করছে। তিনি জানান, ইতোমধ্যে ফ্যামিলি কার্ড, কৃষি কার্ড ও খাল পুনর্খননের মতো কর্মসূচি চালু হয়েছে এবং পর্যায়ক্রমে সব অঙ্গীকার বাস্তবায়ন করা হবে।

খাল পুনর্খনন কর্মসূচির উদ্বোধন করে তিনি বলেন, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান যে উদ্যোগ শুরু করেছিলেন, তা নতুনভাবে এগিয়ে নেওয়া হচ্ছে। কৃষি উন্নয়ন, খাদ্য নিরাপত্তা ও গ্রামীণ অর্থনীতি শক্তিশালী করতে সারাদেশে ২০ হাজার কিলোমিটার খাল খননের পরিকল্পনার কথাও জানান তিনি।

চাঁদপুরের শাহরাস্তিতে 'খোর্দ খাল' পুনর্খনন কাজ উদ্বোধনের সময় প্রধানমন্ত্রী নিজ হাতে মাটি কাটেন ও বৃক্ষরোপণ করেন। অনুষ্ঠানে স্থানীয় জনপ্রতিনিধি ও মন্ত্রিসভার সদস্যরা উপস্থিত ছিলেন।

১৯৭৮ সালে জিয়াউর রহমানের উদ্যোগে খনন হওয়া ১৩ দশমিক ৫ কিলোমিটার দীর্ঘ খালটি দীর্ঘদিন পর পুনর্খনন শুরু হওয়ায় স্থানীয় কৃষকদের মধ্যে স্বস্তি ও আশাবাদ তৈরি হয়েছে।